**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**24 JUNE 2025** **7:35AM**

==========================================================================

কাছাড় জেলার ডলু চা বাগানে প্রস্তাবিত গ্রীণফিল্ড বিমানবন্দর স্থাপন করার জন্য কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল হাতিছড়া চা বাগানে গণ শুনানি অনুষ্ঠিত হয় । মুলতঃ প্রদূষণ নিয়ন্ত্রণ পর্ষদের পরিচালনায় এই গণ শুনানি অনুষ্ঠিত হয় । গণ শুনানিতে জেলা আয়ুক্ত মৃদুল যাদব , পুলিশ সুপার নোমাল মাহাত্ত এবং প্রদূষণ নিয়ন্ত্রণ পর্ষদের সদস্য সম্পাদক গকুল ভূঁইয়া অংশগ্রহণ করেন ।

গণ শুনানীর পর সাংবাদিদের সঙ্গে কথা বলতে গিয়ে জেলা আয়ুক্ত শ্রী যাদব জানান যে এই শুনানিতে প্রায় ৮০০ জন লোক অংশগ্রহণ করেছেন । এছাড়া ১৫১ টি স্মারক পত্র জমা পড়েছে এবং ৫০ টি সংগঠনের প্রতিনিধি তাদের মতামত তুলে ধরেন । জেলা আয়ুক্ত শ্রী যাদব আমাদের প্রতিনিধির সঙ্গে কথা বলতে গিয়ে আরো জানান ----------

বাইট

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে হাফলং-শিলচর রেল রুটের জাটিঙ্গা-লামপুর অংশে ভূমি ধ্বসের ফলে পাহাড় লাইনে কিছু ট্রেন বাতিল করা হয়েছে এবং কিছু ট্রেনের যাত্রা সংক্ষিপ্ত করা করা হয়েছে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল কামাখ্যা মন্দিরে অম্বুবাচী মেলায় আসা তীর্থ যাত্রীদের জন্য সুগম ও আরামদায়ক ভ্রমন নিশ্চিত করতে বেশ কিছু পদক্ষেপ গ্রহন করেছে । সীমান্ত রেল কামাখ্যা এবং গুয়াহাটী স্টেশনে বিশেষ টিকিট কাউন্টার স্থাপন করেছে । তীর্থ যাত্রীদের দ্রুত এবং ঝামেলামুক্ত টিকিট কাটার সুবিধার্থে এই অতিরিক্ত কাউন্টারগুলি ২৪ ঘন্টা চালু রয়েছে । এছাড়াও সীমান্ত রেলের ওমেন ওয়েলফেয়ার অর্গেনাইজেশন-এর পক্ষ থেকে কামাখ্য স্টেশনে খাদ্য ও পানীয় জল বিতরন করা হচ্ছে । এদিকে  সীমান্ত রেল অতিরিক্ত যাত্রী ভীড় সামাল দিতে দুই জোড়া বিশেষ অসংরক্ষিত ট্রেন চালাচ্ছে । এগুলি হচ্ছে গুয়াহাটী-আলিপুরদূয়ার এবং গুয়াহাটী -নিউ জলপাইগুড়ি বিশেষ যাত্রী ট্রেন ।

---

আজ সকাল ৬টা ৩৭ মিনিটে আসামের নগা ও-এ মৃদু ভুমিকম্প অনুভূত হয়েছে । রিক্টার স্কেলে ভুমি কম্পছিল ৩ দশমিক ৭ ।ক্ষয়ক্ষতির কোন খবর নেই ।

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে আগামীকাল থেকে আগামী সাত দিন উত্তর-পূর্বের সব কটি রাজ্যে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে ।

---

অম্বুবাচী মহাযোগের আজ তৃতীয় দিন গুয়াহাটির নীলাচল পাহাড়ে অবস্থিত শক্তিপীঠ কামাখ্যা মন্দিরে উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে ।

অম্বুবাচী মহাযোগ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য কামরূপ মহানগর জেলা প্রশাসন, রাজ্য পুলিশ এবং কামাখ্যা মন্দির কর্তৃপক্ষ সব ব্যবস্থা গ্রহণ করেছে । বাইরে থেকে আসা ভক্তদের জন্য পান্ডু নদী বন্দর এবং কামাখ্যা রেলস্টেশনে দুটি শিবির স্থাপন করা হয়েছে । পুলিশ প্রশাসনের জারি করা নির্দেশ অনুযায়ী সন্ধ্যা ছ'টার পর ভক্তরা নীলাচল পাহাড়ে প্রবেশ করতে পারবেন না । আগামী ২৬শে জুন , বৃহস্পতিবার সকালে অম্বুবাচীর নিবৃত্তির সঙ্গে সঙ্গে দেবীস্নান, নিতপূজা সমাপনের পর মন্দিরের দ্বার পুনরায় ভক্তদের জন্য খুলে দেওয়া হবে ।

---

হাইলাকান্দি জেলার খাদ্য ও সরবরাহ বিভাগের সহকারী সঞ্চালক এক বিজ্ঞপ্তীতে জেলার রেশন কার্ডধারী ব্যাক্তি যারা এখনো রেশন কার্ডে ই-কে ওয়াই সি সংযুক্ত করেন নি , তাদেরকে আজকের মধ্যে রেশন কার্ডে ই-কে ওয়াই সি সংযুক্ত করতে নির্দেশ দিয়েছেন । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে নিজেদের নায্য মূল্যের দোকানে উপস্থিত হয়ে রেশন কার্ডে ই-কে ওয়াই সি সংযূক্ত না করলে রেশন কার্ড থেকে হিতাধিকারির নাম বাদ দেওয়া হবে ।

শ্রীভূমি জেলার খাদ্য ,গনবন্টন ও গ্রাহক পরিক্রমা বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে জেলায় খাদ্য সুরক্ষা যোজনার কার্ডধারীদের চলতি জুন মাসের কেরোসিন বরাদ্দ করা হয়েছে । এই কেরোসিন জেলার শহর ও গ্রামের গ্রাহকদের মধ্যে বন্টন করতে নির্দেশ দেওয়া হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থা আসন্ন অসম ক্রিকেট এসোসিয়েশন অনূর্ধ-১৫ মেয়েদের আন্ত:জেলা ক্রিকেট প্রতিযোগীতা-২০২৫ এর জন্য ১৫ সদস্যের দল ঘোষনা করেছে । দলে কুলসুমা বেগম লস্করকে অধিনায়ক , মাহি দাসকে সহ-অধিনায়ক এবং জিয়াং লিংদোহকে উইকেট রক্ষক হিসেবে মনোনীত করা হয়েছে । আগামীকাল থেকে কার্বি আংলং এর ডিফুতে আয়োজিত প্রতিযোগীতায় হাইলাকান্দি জেলা দল কার্বি আংলং , শিলচর ও শ্রীভূমি দলের বিরুদ্ধে খেলবে ।

---

নিখিল ভারত গনতান্ত্রিক মহিলা সমিতির উদ্যোগে প্রতিমা দাস চৌধুরীর স্মৃতিতে গত রবিবার শিলচর কাঠাল গ্রাম পঞ্চায়েতের অর্ন্তগত শ্যামপুরে বিনামূল্যে স্বাস্থ্য শিবির অনুষ্টিত হয়েছে । শিবিরে মোট ১৭০ জন রোগীর স্বাস্থ্য পরীক্ষা করে ঔষধ প্রদান করা হয়েছে ।

---